

কুয়েত-ঢাকা রুটে জাজিরার বিশেষ ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 02 April, 2026



ঢাকাঃ মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে কুয়েত সরকারের ফ্লাইট নিষেধাজ্ঞায় আটকে পড়া প্রবাসী বাংলাদেশিদের জন্য সুখবর দিয়েছে জাজিরা এয়ারলাইন্স।

কুয়েতস্থ বাংলাদেশ দূতাবাসের প্রচেষ্টায় আগামী ১১ এপ্রিল থেকে কুয়েত-দাম্মাম-ঢাকা রুটে বিশেষ ফ্লাইট পরিচালনা শুরু করবে সংস্থাটি।

গত ২৮ ফেব্রুয়ারি যুদ্ধ শুরুর পর থেকে কুয়েত সরকার ফ্লাইট চলাচলে নিষেধাজ্ঞা জারি করলে কয়েক হাজার প্রবাসী বাংলাদেশি বিপাকে পড়েন। টিকিট কেটেও অনেকে দেশে ফিরতে পারেননি, আবার অনেকে ছুটিতে গিয়ে বাংলাদেশে আটকা পড়েন। প্রবাসীদের এই মানবিক সংকটের কথা বিবেচনা করে বাংলাদেশ দূতাবাস জাজিরা এয়ারলাইন্সের সাথে এই বিশেষ ব্যবস্থার সমন্বয় করে।

জানা গেছে, সপ্তাহে ৩দিন এই বিশেষ ফ্লাইট পরিচালিত হবে। আগামী ১১ এপ্রিল থেকে কুয়েতের মিসরেফ ৮ নম্বর গ্নে-গ্রাউন্ড থেকে যাত্রীদের সৌদি ট্রানজিট ভিসা, বাস সার্ভিস এবং উড়োজাহাজ সেবা প্রদান করা হবে। একইভাবে ঢাকা থেকেও আটকে পড়া প্রবাসীরা কুয়েতে ফিরতে পারবেন। আগ্রহী যাত্রীরা ট্রাভেল এজেন্সি এবং জাজিরা এয়ারলাইন্সের অফিসিয়াল ওয়েবসাইট থেকে টিকিট সংগ্রহ করতে পারবেন।

সাধারণ প্রবাসীদের পাশাপাশি যারা ভিজিট ভিসায় পরিবার নিয়ে এসেছেন অথবা জরুরি চিকিৎসার প্রয়োজনে দেশে যেতে ইচ্ছুক, তাদের সৌদি ট্রানজিট ভিসা পেতে বিশেষ সহযোগিতা করবে বাংলাদেশ দূতাবাস।

এদিকে যাত্রীরা জানিয়েছেন, দূরত্বের তুলনায় দাম্মাম, রিয়াদ বা জেদ্দা হয়ে যাতায়াতে অতিরিক্ত ভাড়া গুনতে হচ্ছে। বর্তমানে এই রুটে বাংলাদেশ বিমানের সীমিত ফ্লাইট থাকলেও সিট সংকটের কারণে ভাড়ার চাপ অনেক বেশি। যাতায়াত সহজ ও শাস্ত্রীয় করতে এই রুটে বাংলাদেশ বিমানের বিশেষ এবং বড় ফ্লাইট পরিচালনার জন্য সরকারের কাছে জোর দাবি জানিয়েছেন কুয়েত প্রবাসী বাংলাদেশিরা।

